অবজারভার।

তারিখ ২৬/১০/৮১
পৃষ্ঠা...

৭০

## মেডিক্যাল কলেজে ভর্তির নিয়মাবলী

১৯৮১-৮২ সালে এমবিবিএস প্রথম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির নিয়মাবলী সম্পর্কে দেশের বিভিন্ন পত্রিকায় যে সমস্ত সংবাদ ও চিঠিপত্র কলামে মন্তব্য প্রকাশিত হইতেছে তৎসম্পর্কে স্বাস্থ্য পরিদপ্তর এ যাবৎ আশ্চর্যজনক নীরবতা পালন করিয়া চলিয়াছেন। এই ব্যাপারে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত খবর ও চিঠিপত্রের প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে। আশা করি এই গুরুত্বপূর্ণ বিষয়ে জাতীয় পর্যায়ে অগ্রাধিকারগণো নিম্নলিখিত প্রস্তাব (সংশোধন) গ্রহণ করতঃ দেশে চিকিৎসা শিক্ষার পথ সুগম করা হইবে।

(১) অন্ততঃপক্ষে ছাত্রীদের বেলায় এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১২ শতের স্থলে ন্যূনতম একহাজার নম্বর পাওয়ার পূর্বশর্ত রাখা হউক।

(২) ছাত্রীদের জন্য সংরক্ষিত ৩০ আসনে যোগ্যতাওয়ারী প্রয়োজনীয় যোগ্যতার ছাত্রী পাওয়া না গেলেও সেই ক্ষেত্রে ছেলেদের গ্রহণ করা বাতিল করতঃ নিম্নতম নম্বরের কাছাকাছি প্রাপ্ত নম্বরধারী ছাত্রীদের দ্বারা পূরণ করার নীতি গ্রহণ করা হউক।

(৩) বর্তমান নিরাপত্তা বিহীন যাতায়াত ব্যবস্থা এবং আর্থিক অনটনের কথা বিবেচনা করতঃ ভর্তির জন্য লিখিত টেষ্ট পরীক্ষা ঢাকার পরিবর্তে সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজসমূহেই গ্রহণের ব্যবস্থা করা হউক।

(৪) মেধাভিত্তিক বিবেচনা বাতিল করিয়া ভর্তি প্রার্থীদের ইপ্সিত মেডিক্যাল কলেজেই তাহাদের ভর্তির ব্যবস্থা করা হউক।

(৫) ভর্তির শর্তসমূহ উপরোক্ত মতে শিথিল করিয়া দরখাস্ত দাখিল করার শেষ তারিখ যুক্তিসঙ্গতভাবে বর্দ্ধিত করতঃ পত্রিকা মারফত জানানো হউক।

শিক্ষা মন্ত্রণালয় ও স্বাস্থ্য পরিদপ্তর এব্যাপারে আশু কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন, আশা করি।

মোঃ আব্দুল খালিক,
কুমারপাড়া, সিলেট।